গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০০৬.০৪-১১৬

তারিখ : ১৩ আষাঢ় ১৪৩১
২৭ জুন ২০২৪

**বিষয় : বগুড়া জেলার ধুনট উপজেলার ১০ নং গোপালনগর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সাইম এর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাব-রেজিস্ট্রার, ধুনট, বগুড়া ও সাব-রেজিস্ট্রার, কাহালু, বগুড়া এর তদন্তে বগুড়া জেলার ধুনট উপজেলার ১০ নং গোপালনগর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সাইম এর বিরুদ্ধে জালজালিয়াতির মাধ্যমে ১৮/০৩/২০২০ খ্রি. তারিখের ২৮ নং স্মারকযুক্ত বগুড়া জেলার ধুনট উপজেলার ১০ নং গোপালনগর ইউনিয়নে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত প্যানেল সৃজনের অভিযোগটি প্রমাণিত হওয়ায় ও কারণ দর্শানোর জবাবে প্রদত্ত ব্যাখ্যা সন্তোষজনক না হওয়ায় মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। জালিয়াতির মাধ্যমে কাগজ সৃজনপূর্বক নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স হাসিল করায় জনাব মোঃ সাইম এর বিরুদ্ধে ফৌজদারী আইনে ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র বিভাগকে অবহিতকরণের জন্য জেলা রেজিস্ট্রার, বগুড়া-কে নির্দেশ প্রদান করা হলো। উক্ত শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ্ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন নিকাহ রেজিস্ট্রারকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে ১০ নং গোপালনগর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সাইম এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, বগুড়া-কে নির্দেশ প্রদান করা হলো। একইসাথে উক্ত শূন্য ঘোষিত অধিক্ষেত্রে উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা/ স্থগিতাদেশ না থাকলে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ মোতাবেক প্যানেল প্রস্তুতপূর্বক এ বিভাগে প্রেরণের জন্য সাব-রেজিস্ট্রার, ধুনট, বগুড়া-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বা.
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০০৬.০৪-১১৬

তারিখ : ১৩ আষাঢ় ১৪৩১
২৭ জুন ২০২৪

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। জেলা রেজিস্ট্রার, বগুড়া।
০৬। সাব-রেজিস্ট্রার, ধুনট, বগুড়া।
০৭। জনাব মোঃ সাইম, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ১০ নং গোপালনগর ইউনিয়ন, ধুনট, বগুড়া।
০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

27/06/24
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮